

৪। আর্থিক বিষয় :

* কমিউনিটি সেন্টার ও দোকান বরাদ্দ/ভাড়া বাবদ উপার্জিত অর্থ থেকে ভবনের রক্ষণাবেক্ষণ কাজে ব্যয় হবে ১০%, জেলা ইউনিট কম্যান্ড এর দাপ্তরিক ব্যয় অর্থাৎ কর্মচারীদের বেতনসহ ব্যয় করা হবে সর্বোচ্চ ২৫%, স্থানীয় অসচ্ছল মুক্তিযোদ্ধাদের আর্থিক সাহায্য প্রদান খাতে ব্যয় হবে ১৫%, মুক্তিযুদ্ধ বিষয়ক প্রচার প্রচারণা ও বিভিন্ন দিবস পালন বাবদ ১০% এবং ভবনের ভবিষ্যৎ উন্নয়নের জন্য সঞ্চয় করতে হবে ৪০%;

* জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত কমিটি উক্ত অর্থের সংরক্ষণ করবে এবং উক্ত অর্থ ব্যয়/বিতরণের দায়িত্ব পালন করবে;

* আদায়কৃত অর্থ জেলা প্রশাসক ও জেলা ইউনিট কম্যান্ডারের নামে যৌথ হিসাবে যে কোন তফসিলী ব্যাংকে গচ্ছিত থাকবে এবং জেলা প্রশাসক ও জেলা কম্যান্ডার এর যৌথ স্বাক্ষরে ব্যাংক থেকে অর্থ বিল আকারে উত্তোলিত হবে;

* কমিটি প্রতি বছর কমপ্লেক্স ভবনের আয়-ব্যয়ের হিসাব মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবে, যা নিরীক্ষাযোগ্য হবে; এবং


* জেলা মুক্তিযোদ্ধা ইউনিট কম্যান্ড ও স্থানীয় জনপ্রতিনিধিদের সমন্বয়ে জেলা প্রশাসক কর্তৃক গঠিত কমিটি আর্থিক অনুদানের বিষয়টি চূড়ান্ত করবে।

৫। ভবনের জনবল :

প্রকল্পটি সমাপ্তির পর প্রতিটি জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স পরিচালনার জন্য ১ জন তত্ত্বাবধায়ক-কাম-কম্পিউটার অপারেটর, ১ জন অফিস সহায়ক ও ১ জন গার্ড নিয়োগ করতে পারবে। এ পরিপত্রের ১নং অনুচ্ছেদে উল্লিখিত জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত কমিটির মাধ্যমে জনবল নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হবে।

৬। জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ক্ষেত্রে প্রণীত পরিপত্রের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

৭। জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ব্যবহার পরিপত্র ও এর বাণিজ্যিক ব্যবহার বিষয়ে এ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৮.০০.০০০০.০০৮.১৪.০৮৬.১১/১৩৩ তারিখঃ ৩০ মার্চ, ২০১৪ ও স্মারক নং মুবিম/প্রপকা/সঃজেঃকমঃ/সাধাঃ ও যোগাঃ/২০১৪/৭১ তারিখঃ ৩০ সেপ্টেম্বর ২০১৪ মূলে জারিকৃত পরিপত্র ও কমিটি এতদ্বারা বাতিল করা হ'ল।


০২.০৬.২০১৭
(মোঃ মমিনুর রহমান)
সহকারী প্রধান
ফোন : ৯৫১১১৮৮

জেলা প্রশাসক

.....(স্বাক্ষর).....জেলা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
- ৩। প্রকল্প পরিচালক, সকল জেলায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ (১ম পর্যায়) প্রকল্প, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
- ৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, -----জেলা।
- ৭। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
- ৮। অফিস কপি/গার্ড ফাইল।